গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০০০.০০৪.১১.০০০২.১৭.১২৬

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি**

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সিলেট বিভাগের আওতাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (https://divsl.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>স্কেল- টাকা ১০২০০-২৪৬৮০ | ০২<br>(দুই) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা; এবং<br>( গ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি মিনিটে বাংলায় ২০টি ও ইংরেজিতে ২০টি শব্দ। |
| ০২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>স্কেল- টাকা ৯৩০০-২২৪৯০ | ১১<br>(এগারো) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা; এবং<br>( গ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি মিনিটে বাংলায় ২০টি ও ইংরেজিতে ২০টি শব্দ। |
| ০৩ | রেকর্ড কিপার<br>গ্রেড-১৬<br>স্কেল- টাকা ৯৩০০-২২৪৯০ | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা; এবং<br>( গ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি মিনিটে বাংলায় ২০টি ও ইংরেজিতে ২০টি শব্দ। |
| ০৪ | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>স্কেল- টাকা ৯৩০০-২২৪৯০ | ০১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা বা, ক্ষেত্রমত, ভারী যানবাহন চালনায় পারদর্শী হতে হবে। |
| ০৫ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>স্কেল- টাকা ৮২৫০-২০০১০ | ০৩<br>(তিন) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৬ | অর্ডারলি<br>গ্রেড-২০<br>স্কেল- টাকা ৮২৫০-২০০১০ | ০২<br>(দুই) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

(১) আবেদনকারীর বয়সসীমা ০১ মার্চ ২০২৬ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(৩) সকল পদের নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন আবেদনকারীর কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করার সুযোগ থাকবে।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে।

(৫) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত, ২০২৪) অনুসারে নিয়োগ কার্যক্রম পরিচালনা ও সম্পন্ন করা হবে।

(৬) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৭) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতা আবেদনে উল্লেখ করতে হবে। অসত্য তথ্য প্রদান করলে আবেদন বাতিলসহ পরবর্তীতে নিয়োগ বাতিল হতে পারে।

(৮) চাকুরির জন্য আবেদন অনলাইনে আগামী ০১ মার্চ ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:০০ টা হতে ৩১ মার্চ ২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ০৫:০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।

(৯) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের নিমিত্ত এ কার্যালয়ের নিয়োগ বিধি মোতাবেক নিম্নলিখিতভাবে লিখিত ও ব্যাবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।

৯.১ হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও রেকর্ড কিপার পদের লিখিত পরীক্ষা নিম্নলিখিত বিষয়ের ওপর অনুষ্ঠিত হবে

| বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|
| বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| ইংরেজি | ২৫ | | |
| গণিত | ২৫ | | |
| সাধারণ জ্ঞান | ১৫ | | |
| বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং | ১০ | | |

৯.২ হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও রেকর্ড কিপার পদের ব্যাবহারিক পরীক্ষা (কম্পিউটার টাইপ) নিম্নলিখিত বিষয়ের ওপর অনুষ্ঠিত হবে

| বিষয়ের নাম | প্রতি মিনিটে সর্বনিম্ন গতি | মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| বাংলা | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট |
| ইংরেজি | ২০ শব্দ | ৫০ | | | ১০ মিনিট |

৯.৩ হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও রেকর্ড কিপার পদের ব্যাবহারিক পরীক্ষা (স্প্রেডসিট ও প্রেজেন্টেশন) নিম্নলিখিত বিষয়ের ওপর অনুষ্ঠিত হবে

| বিষয়ের নাম | পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| স্প্রেডশিট | ১০ | ৪০% | ৫০% | ১০ মিনিট |
| প্রেজেন্টেশন | ১০ | | | ১০ মিনিট |

৯.৪ গাড়িচালক, অফিস সহায়ক ও অর্ডারলি পদের লিখিত পরীক্ষা নিম্নলিখিত বিষয়ের ওপর অনুষ্ঠিত হবে

| বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|
| বাংলা | ১০ | ৫০% | ১ ঘণ্টা |
| ইংরেজি | ১০ | | |
| গণিত | ১০ | | |
| প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান | ১০ | | |

৯.৫ গাড়িচালক পদের প্রার্থীদের যানবাহন চালনার ব্যাবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।

(১০) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন এবং ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(১১) লিখিত/ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি নিম্নের ক্রম মোতাবেক দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

| | |
|---|---|
| (i) | Online হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র। |
| (ii) | Online হতে ডাউনলোডকৃত আবেদনপত্র। |
| (iii) | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ। |
| (iv) | সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ। |
| (v) | প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। |
| (vi) | চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র। |
| (vii) | সকল সনদ/প্রত্যয়ন। |
| (viii) | মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র। |
| (ix) | বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী কাগজপত্র। |
| (x) | অন্যান্য কোটা যেমন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র। |

(১২) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন-এর স্বাস্থ্যগত প্রত্যয়ন সন্তোষজনক হতে হবে।

(১৩) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা

স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(১৫) অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://divsl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১ মার্চ ২০২৬ তারিখ রবিবার, সকাল- ১০:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময়: ৩১ মার্চ ২০২৬ তারিখ মঙ্গলবার, বিকাল- ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ০১-০৪ নম্বর ক্রমিকের প্রার্থীগণ আবেদন ফি ১০০/- টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৫ ও ০৬ নম্বর ক্রমিকের প্রার্থীগণ আবেদন ফি ৫০/- টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

**প্রথম SMS: DIVSLUser ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL ABCDEF

Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIVSLYesPIN and send to 16222.

**দ্বিতীয় SMS : DIVSLYesPIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DIVSL Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://divsl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যাবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থী প্রবেশপত্রটি অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

**DIVSLHelpUserUser ID** & Send to 16222

Example: DIVSL Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

**DIVSLHelpPINPIN No** & Send to 16222

Example: DIVSL Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এ কার্যালয়ের ওয়েবসাইট www.sylhetdiv.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd

ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা divcomsylhetestablish@gmail.com ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DIVSL, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুনীর্তির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(১৬) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(১৭) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(১৮) আবেদনকারীকে লিখিত, ব্যাবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৯) বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়ণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

(২০) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(২১) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**বিশেষ দ্রষ্টব্য: শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করতে পরামর্শ প্রদান করা হলো।**

বিভাগীয় কমিশনার
সিলেট বিভাগ, সিলেট এর ওয়েবসাইটে
প্রবেশ এর
QR Code

বিভাগীয় কমিশনার
সিলেট বিভাগ, সিলেট এর টেলিটক
পোর্টালে প্রবেশ এর
QR Code

২২-০২-২০২৬
খান মোঃ রেজা-উন-নবী
কমিশনার
ফোন : ০২৯৯৬৬৪৩২৬৬
ইমেইল : divcomsylhet@mopa.gov.bd

বিতরণ: সদয় অবগতি এবং নিজ ও অধঃস্তন অফিসের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৩। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৫। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৬। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার (স্ব-স্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।
৭। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৮। সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

৯। উপ মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
১০। আঞ্চলিক পরিচালক, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখের পূর্বে কয়েকদিন বেতারে প্রচার ের অনুরোধসহ)।
১১। পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
১২। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
১৩। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
১৪। ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস্, সিলেট।
১৫। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
১৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট।
১৭। উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, সিলেট।
১৮। সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৯। সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২০। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
২১। জেলা রেজিস্ট্রার, সিলেট।
২২। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
২৩। কমান্ডার, মু্ক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার, জেলা কমান্ড এবং
২৪। সম্পাদক/প্রকাশক, ............................................, সিলেট। (সৌজন্যে সংবাদ প্রকাশের জন্য)।